

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৫৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২) নামায আদায় করার পর পরবর্তী নামাযের জন্য অপেক্ষা করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في انتظار الصلاة بعد الصلاة

আরবী

(حسن لغيره) وَعَنْ أنس رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أنه قال ثَلاثٌ كَفَّارَاتٌ ، وَثَلاثٌ دَرَجَاتٌ وَثَلَاثٌ مُنْجِيَاتٌ و ثَلَاثٌ مُهْلِكَاتٌ ، فَأَمَّا الْكَفَّارَاتُ: فَإِسْبَاغُ لَوْضُوءِ فِي السَّبَرَاتِ، وَانْتِظَارُ الصَّلاةِ بَعْدَ الصَّلاةِ ، وَنَقْلُ الأَقْدَامِ إِلَى الْجَمَاعَاتِ وَأَمَّا الْوُضُوءِ فِي السَّبَرَاتِ، وَانْتِظَارُ الصَّلاةِ بَعْدَ الصَّلاةِ بِاللَّيْلِ ، وَالنَّاسُ نِيَامٌ، وَأَمَّا الدَّرَجَاتُ : فَإِطْعَامُ الطَّعَامِ ، وَإِفْشَاءُ السَّلامِ ، وَصَلاةٌ بِاللَّيْلِ ، وَالنَّاسُ نِيَامٌ، وَأَمَّا الدَّرَجَاتُ : فَالْعَدْلُ فِي الْغَضَبِ، وَالرِّضَى، وَالْقَصِدُ فِي الْفَقْرِ وَالْغِنَى ، وَخَشْيَةُ اللَّهِ فِي السَّرِ وَالْعَلانِيَةِ وَأَمَّا الْمُهْلِكَاتُ فَشُحُّ مُطَاعٌ ، وَهَوَى مُتَّبَعٌ ، وَإِعْجَابُ الْمَرْءِ بِنَفْسِهِ. السِّرِ وَالْعَلانِيةِ وَأَمَّا الْمُهْلِكَاتُ فَشُحُّ مُطَاعٌ ، وَهَوَى مُتَّبَعٌ ، وَإِعْجَابُ الْمَرْءِ بِنَفْسِهِ. (رواه البزار واللفظ له والبيهقي وغيرهما)

বাংলা

৪৫৩. (হাসান লি গাইরিহী) আনাস বিন মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ''তিনটি কাজ গুনাহ মোচন করে, তিনটি কাজ মর্যাদা বৃদ্ধি করে, তিনটি কাজ মুক্তি দানকরে এবং তিনটি কাজ ধ্বংস করে।

গুনাহ মোচনকারী বিষয়গুলো হচ্ছেঃ (১) কঠিন ঠান্ডার সময় পরিপূর্ণরূপে ওযু করা (২) এক নামায পড়ে পরবর্তী নামাযের অপেক্ষা করা (৩) জামাআতে নামায আদায় করার জন্য পা বাড়িয়ে মসজিদে আসা।

মর্যাদা বৃদ্ধিকারী বিষয় হচ্ছেঃ (১) মানুষকে খাদ্য খাওয়ানো (২) সালাম প্রচার করা (৩) মানুষ যখন নিদ্রায় থাকে তখন উঠে নফল নামায় আদায় করা।

মুক্তিদানকারী বিষয়গুলো হলঃ (১) সম্ভুষ্টি এবং ক্রোধ উভয় অবস্থায় ন্যায় বিচার করা (২) অভাব এবং সম্পদের মাঝে মধ্যপন্থা অবলম্বন করা (৩) প্রকাশ্য ও গোপন উভয় অবস্থায় আল্লাহকে ভয় করা।

আর ধ্বংসকারী বিষয়গুলো হলঃ (১) অনুগত কৃপণতা (২) প্রবৃত্তির অনুসরণ করা (৩) নিজেকে নিয়ে আত্মগর্ব



করা।"

(বাযযার ৮০, বায়হাকী প্রমূখ হাদীছটি বর্ণনা করেছেন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন